# এই জঙ্গল শুনিয়েছে

লতাগুল্ম - ঘাসে, ঘাসের ওপর বিছানো ঊর্ণনাভে
সহজিয়া ভাব। তারা গোপন রেখেছে আত্মপ্রতিষ্ঠার
তামসিক বর্ণমালা। অবারিত এই জঙ্গল বিছিয়ে
রেখেছি সবুজ আহ্বান। জঙ্গলের গাছগুলোর
নাম জানি না, পতঙ্গের গণগোত্র জানি না। রাত্রিবেলা
অন্ধকারে অদ্রবণীয় ক্ল্যারিওনেট।
তন্ন তন্ন খুঁজেছি উৎসমুখ। খুঁজে পাব কী করে যদি
নক্ষত্রের হিমঘর থেকে নেমে আসে ধবনিসমূহ। হৃৎপিণ্ডের
চারটে প্রকোষ্ঠ ভরেছি অমর্ত্য মূর্ছনায়।

এত যে নির্মাণপর্ব বিশাল জঙ্গল জুড়ে, সবই কি আমার
জন্যে, বল পুলহ, পুলস্ত্য, বশিষ্ঠ তোমার। আমার
ফুসফুস চেয়েছে খানিকটা প্রাণবন্ত অক্সিজেন আর
ন্যূনতম নিরাময়। আর পড়তে চেয়েছি গাছের
উদ্দেশ্যবিধেয়হীন ছায়া।

গৌরাঙ্গ মিত্র



Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com